

উপজেলা সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী
স্থানঃ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ মহোদয়ের অফিস কক্ষ।

তারিখঃ ১৬/১২/২০২১ইং সময়ঃ সকল-১১.০০

অদ্য ১৬/১২/২০২১ ইং তারিখ সকল ১১.০০ ঘটিকায় উপজেলা সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির সভা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ মহোদয়ের অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতি করেন জনাব বর্ণা রহমান, ভাইস চেয়ারম্যান(মহিলা), উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর “ক” দ্রষ্টব্য।

সভায় উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং আলোচ্য সূচি সভায় উপস্থাপন করার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করেন।

আলোচ্য সূচিঃ

- ১। মহান বিজয় দিবস উপলক্ষে স্থানীয় সিনেমা হলসমূহে ছাত্র/ছাত্রীদের বিনা মূল্যে মুক্তিযুদ্ধ ভিত্তিক চলচ্চিত্র প্রদর্শন।
- ২। রচনা প্রতিযোগিতা ও চিত্রাংকন প্রতিযোগিতা, প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় ছাত্র/ছাত্রী।
- ৩। আলোচনা সভা ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান।
- ৪। বিবিধ।

আলোচনা ও সিদ্ধান্তঃ

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় অবহিত করেন যে, আড়াইহাজার উপজেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে ৬-১২বছর বয়সী শিশুদের রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। তন্মধ্যে বিভিন্ন বিদ্যালয়ের ১০০ জন শিক্ষার্থী প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। তাছাড়া ৪টি মাধ্যমিক বিদ্যালয়ে মহান বিজয় দিবস শীর্ষক রচনা প্রতিযোগিতা আয়োজন করা হয়। এছাড়া ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

মহান বিজয় দিবস উপলক্ষে এই দিনটিকে আরো বেগবান করার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



বর্ণা রহমান

সভাপতি

উপজেলা সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।